

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত ছাত্র-ছাত্রীদের নিকট হতে শিক্ষা বৃত্তি এবং শিক্ষা উপকরণ প্রাপ্তির আবেদন আহবান সংক্রান্ত
বিজ্ঞপ্তি

“সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে গৃহীত বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচির আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি (প্রাথমিক/মাধ্যমিক/উচ্চশিক্ষা পর্যায়) এবং শিক্ষা উপকরণ (মাধ্যমিক/উচ্চশিক্ষা পর্যায়) প্রদানের নিমিত্ত নিয়ামতপুর উপজেলার স্থায়ী বাসিন্দাদের মধ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত দরিদ্র ছাত্র-ছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের অফিস/ইউনিয়ন পরিষদ/উপজেলা ডিজিটাল সেন্টারে পাওয়া যাবে। niamatpur.naogaon.gov.bd ওয়েবসাইট হতেও আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করে নেয়া যাবে। আবেদনের জন্য ফরমের ফটোকপিও গ্রহণযোগ্য। বিস্তারিত তথ্যের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস চলাকালীন যোগাযোগ করা যেতে পারে।

শর্তাবলী :

- ১। আবেদনকারীকে নিয়ামতপুর উপজেলার স্থায়ী বাসিন্দা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে হবে।
- ২। আবেদনকারীকে দরিদ্র পরিবারের সদস্য ও বর্তমানে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ৩। একজন শিক্ষার্থী (ক) শিক্ষাবৃত্তি অথবা (খ) শিক্ষা উপকরণ (স্কুল ব্যাগ ও বাংলা একাডেমীর তিনটি অভিধান) এই দুইটির মধ্যে যে কোন একটি প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।
- ৪। গত অর্থবছরে (২০১৬-১৭ অর্থ বছরে) যারা এই প্রকল্পের অধীন শিক্ষাবৃত্তি গ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৫। সর্বশেষ পাবলিক পরীক্ষার (পিএসসি/জেএসসি/এসএসসি/এইচএসসি/সমমান/ অন্যান্য) মার্কসীট/ট্রান্সক্রিপ্ট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে)।
- ৬। আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্য মর্মে যে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর একজন গণ্যমান্য ব্যক্তির নিকট হতে প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। জেলা প্রশাসক, নওগাঁ কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সনদপত্র থাকলে তা সংযুক্ত করা যেতে পারে।
- ৭। আবেদনকারী যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামতসহ আবেদনকারীর নিজহাতে পূরণকৃত ফরম ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সরাসরি অথবা ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর-এর কার্যালয়ে পৌঁছাতে হবে। অসমাপ্ত অথবা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন শিক্ষাবৃত্তি/ শিক্ষা উপকরণ প্রদানের জন্য বিবেচনা করা হবে না।
- ৮। চূড়ান্তভাবে উপকারভোগী বাছাইয়ের পূর্বে আবেদনকারী শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হতে পারে। সেক্ষেত্রে সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে আবেদন বিবেচিত হবে না। সাক্ষাৎকারের তারিখ পরবর্তীতে অত্র দপ্তরের নোটিশ বোর্ড/ ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- ৯। যে কোন সময় বিজ্ঞপ্তিটির যে কোন শর্ত সংশোধন, পরিমার্জন এবং নতুন শর্ত আরোপের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(আবু সালাহ মোঃ মাহফুজুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
নিয়ামতপুর, নওগাঁ
ফোন-০৭৪২৭-৫৬০০৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।
- ২। উপজেলা অফিসার, নিয়ামতপুর।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, নিয়ামতপুর। (উপজেলাধীন সকল প্রাথমিক বিদ্যালয় প্রধানকে বিজ্ঞপ্তিটির বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ)
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নিয়ামতপুর। (উপজেলাধীন মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিজ্ঞপ্তিটির বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ)
- ৫। চেয়ারম্যান, হাজীনগর/চন্দননগর/ভাবিচা/নিয়ামতপুর/রসুলপুর/পাড়ইল/শ্রীমন্তপুর ও বাহাদুরপুর ইউনিয়ন পরিষদ। (তার পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)
- ৬। জনাব।

“সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে গৃহীত বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচির আওতায়

শিক্ষাবৃত্তি/ শিক্ষা উপকরণ প্রাপ্তির আবেদন ফরম

ফরমের ফটোকপি গ্রহণযোগ্য। আবেদনপত্র ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর-এর কার্যালয়ে পৌঁছাতে হবে।

- ০১। (ক) ছাত্র/ছাত্রীর নাম :
(খ) পিতার নাম :
(গ) মাতার নাম :
(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর যে সম্প্রদায়ের অন্তর্ভুক্তঃ

আবেদনকারীর
পাসপোর্ট সাইজ
ছবি

- ০২। স্থায়ী ঠিকানা :
গ্রামঃ, ইউনিয়নঃ, পোস্টঃ....., উপজেলাঃ নিয়ামতপুর।
- ০৩। (ক) বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ (খ) অধ্যয়নের শ্রেণীঃ
- ০৪। যোগাযোগের জন্য মোবাইল ফোন নম্বর (নিজের না থাকলে নিকটতম ব্যক্তির) :
- ০৫। (ক) পিতার পেশা :
(গ) পিতা মৃত হলে বর্তমান অভিভাবকের নাম, সম্পর্ক ও পেশা :
- ০৬। পিতা/অভিভাবকের বাৎসরিক মোট আয় :
- ০৭। শিক্ষাগত তথ্য :

ক্রমিক	পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	পাসের সন	জিপিএ
১				
২				
৩				
৪				
৫				

- ০৮। আবেদনের ধরণ (প্রযোজ্য একটিতে ✓ চিহ্ন দিন)ঃ [১] শিক্ষা উপকরণ (স্কুল ব্যাগ ও তিনটি অভিধান) [২] শিক্ষাবৃত্তি
- ০৮। আবেদনকারী যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের মন্তব্য/সুপারিশঃ

প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীল

- ০৮। আবেদনকারীর ঘোষণাঃ
আমি এই মর্মে ঘোষণা করছি যে, উপরে দেয়া সকল বর্ণনা সঠিক এবং ফরমে কোন মিথ্যা/অসম্পূর্ণ তথ্য দেয়া হয়নি।

তারিখঃ

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

- সংযুক্তঃ (১) আবেদনারী কর্তৃক অংশগ্রহণকৃত সর্বশেষ পাবলিক পরীক্ষার মার্কসীট/ট্রান্সক্রিপ্ট (প্রযোজ্য ক্ষেত্রে)।
(২) আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্য মর্মে জেলা প্রশাসক, নওগাঁ কর্তৃক প্রদত্ত সনদপত্র অথবা যে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর একজন গণ্যমান্য ব্যক্তির নিকট হতে প্রত্যয়নপত্র।